দৈনিক ইত্তেফাক

তারিখ ... 08. FEB. 2016 ......
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ......

# ফের ঢাবি ক্যাম্পাস দিয়ে মেট্রোরেলের রুট পাল্টানোর দাবি

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভেতর দিয়ে প্রস্তাবিত মেট্রোরেলের রুট পরিবর্তনের ফের দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা। গত শনিবার মধুর ক্যান্টিনে 'মেট্রোরেলের রুট বদলাও, ঢাকা বিশ্ববিদ্যালয় বাঁচাও' শীর্ষক ব্যানারে এক সংবাদ সম্মেলন থেকে এ দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের পক্ষে আইন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী উযমা তাজ্বরিয়ান লিখিত বক্তব্য পাঠকালে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসের মধ্য দিয়ে মেট্রোরেলের যে রুটটি যাবে তার অনেকখানি কাজ এখনও শেষ হয়নি।